

# الْفَتْح

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহা।

বিসমিল্লাহির রহমানির রহিম।

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম আসমাউল হুসনার ১৯তম নাম ‘الْفَتْح’ আজকের আলোচনার বিষয়।

‘الْفَتْح’ শব্দের মূল ح ت ح - এই মূল শব্দ থেকে ৮টি শব্দ পবিত্র কুরআন মাজীদে ৩৮ বার এসেছে। খুলে দেয়া, দেয়া, বিজয় কামনা, বিজয়, চাবি, খোলা হবে, যিনি সিদ্ধান্ত দেবেন এবং যিনি বিদ্যা বুদ্ধি রুজি ইত্যাদির দরজা খুলে দেন, ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ ‘الْفَتْح’ একবারই কোরআনে এসেছে।

পবিত্র কুরআন মাজীদে ইরশাদ হচ্ছে:

قُلْ يَجْمَعُ بَيْنَنَا رَبُّنَا ثُمَّ يَفْتَحُ بَيْنَنَا بِالْحَقِّ وَهُوَ الْفَتْحُ الْعَلِيمُ ﴿٢٦﴾

সূরা সাবা ২৬ নং আয়াত -

বলো: আমাদের প্রভু আমাদের সবাইকে একত্র করবেন তারপর আমাদের মাঝে ফয়সালা করে দেবেন ন্যায়সঙ্গতভাবে। তিনিই সর্বশ্রেষ্ঠ ফয়সালাকারী, সর্বজ্ঞানী।

শোয়াইব তার কওমের লোকদের আল্লাহর অবাধ্যতার কারণে আল্লাহর কাছে দোয়া করেছিলেন।

رَبَّنَا افْتَحْ بَيْنَنَا وَبَيْنَ قَوْمِنَا بِالْحَقِّ وَأَنْتَ خَيْرُ الْفَاتِحِينَ ﴿٨٩﴾

সূরা আ'রাফ ৮৯ নং আয়াত -

হে আমাদের প্রভু! তুমি আমাদের ও আমাদের কওমের মাঝে হক ভাবে ফয়সালা করে দাও, তুমিই সর্বোত্তম ফয়সালাকারী।

মসলিম শরীফের হাদীস :

ইবনে আব্বাস রা: বর্ণনা করেন- একদা রাসূল সা: এর সাথে বসা ছিলেন জিবরাঈল আ: তিনি একটা বিকট আওয়াজ শুনতে পেলেন। জিব্রাইল উপরের দিকে তাকালেন এবং বললেন, এটা বেহেস্তের একটা দরজা খোলার আওয়াজ, যা আজকের পূর্বে কখনো খোলা হয়নি। অতপর ঐ দরজা দিয়ে একজন ফেরেশতা নেমে এলেন এবং রাসূল সা: এর কাছে আসলেন এবং বললেন, আপনি আনন্দ করুন, আপনার জন্য সুসংবাদ

আপনাকে দুটি আলো দেয়া হয়েছে, যা এর পূর্বে কোন নবীকে দেয়া হয়নি, আলো দুটি হলো- সূরা আল ফাতিহা (খুলে দেয়া, সূচনা) এবং সূরা বাকারার শেষ দুটি আয়াত। এর যেকোনো একটি শব্দের তেলাওয়াত আপনাকে আল্লাহর কৃপা থেকে কখনো বঞ্চিত করবে না।

আসুন, আমরা বেশি বেশি করে সূরা ফাতেহা ও আল বাকারার শেষ দুটি আয়াত, অর্থ বুঝে পুরো হৃদয় দিয়ে আল্লাহ আল ফাত্তাহকে হাজির-নাজির জেনে তেলাওয়াত করি।

সর্বশেষ ফায়সালাকারী আল্লাহ ‘الْفَاتِحُ’ এর ফায়সালাতে আমরা সন্তুষ্ট হয়ে যাই। আল্লাহর এই গুণের সাথে আমরা অন্য কাউকে শরীক না করি। শিরক বড় জুলুম, কঠিন অপরাধ। আল্লাহ শিরকের যুলুম, শিরকের গুনাহ ক্ষমা করবেন না।

আমরা আল্লাহর কাছে দোয়া করি, হে আল্লাহ, দয়াকরে আমাদেরকে কবুল করুন, সর্বাবস্থায় আমাদেরকে শিরকমুক্ত জীবন যাপন করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবারাকাতুহ।